

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়

১৯ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ

নং-৫২.০১৮.০১৪.০০.০০.০২১.২০১৩.০২

তারিখ:-----

০২ মার্চ ২০১৬ খ্রি

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন NSDS বাস্তবায়ন বিষয়ে জাতীয় ও বৈদেশিক পরামর্শক নিয়োগ/কাজের জন্য জনসম্মতের চূড়ান্তকরণ রিপোর্ট পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল(NSDS) বাস্তবায়নকল্পে বিশ্ব ব্যাংক প্রতিনিধি কর্তৃক প্রেরিত বৈদেশিক পরামর্শক সহায়তা সংক্রান্ত জনসম্মতের খসড়া তালিকা সম্পর্কিত গত ১৮-০২-২০১৬খ্রি তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

(মোঃ আবদুল খালেক)

সহকারী সচিব

ফোন: ৮১৮১০৯৫

asinfo2@sid.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- ২। উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। পরিচালক (সকল),----- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৫। যুগ্ম-পরিচালক/ প্রকল্প পরিচালক, (সকল),----- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৬। জনাব সাদেক হোসেন খোকা, সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। মহা-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৪। অফিস কপি/ গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন NSDS বাস্তবায়ন বিষয়ে জাতীয় ও বৈদেশিক পরামর্শক নিয়োগ/কাজের জন্য জনসম্প্রাহের চূড়ান্তকরণ রিপোর্ট পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সভার স্থান : সম্মেলন কক্ষে, ব্লক- বি, কক্ষ নং-১১২১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
সভার তারিখ ও সময় : ১৮/০২/২০১৬, বেলা: ১০.৩০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার শুরুতে NSDS বাস্তবায়ন বিষয়ে বিশ্বব্যাংক কর্তৃক প্রেরিত অগ্রাধিকার বিষয়ে তালিকা ও এর Twinning Agency সংক্রান্ত জনসম্প্রাহ বিষয়ে সভায় সকলকে অবহিত করেন। সভাপতি উক্ত তালিকাটি সভায় উপস্থাপনের জন্য জনাব দিলদার হোসেন, যুগ্ম-পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করেন। জনাব দিলদার বিশ্ব ব্যাংক কর্তৃক প্রেরিত Twinning Agency সংক্রান্ত তালিকাটি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। উক্ত তালিকার প্রতিটি বিষয়ে জনসম্প্রাহের হিসাব সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হয়।

সভায় DHS জরীপ সংক্রান্ত বিষয়ে জানানো হয় যে, নিম্নোক্তের একাজটি বিবিএস করতে পারে বিধায় এবিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ যৌথভাবে একটি সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারে। তাছাড়া দাতা সংস্থার সাথে এ বিষয়ে আলোচনা করা যেতে পারে। অতঃপর সভায় বিভিন্ন উইং এর পরিচালক/ প্রতিনিধিগণ বৈদেশিক পরামর্শক নিয়োগ/ জনসম্প্রাহের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

অতঃপর সভাপতি আরো বলেন যে, NSDS বাস্তবায়ন একটি মহাকর্মযজ্ঞ যা বাস্তবায়নের জন্য আমাদেরকে আরো গঠনমূলকভাবে প্রস্তুতি নিতে হবে। তার অংশ হিসেবে তিনি NSDS এর প্রস্তাবিত বিষয়গুলো যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিবিএস এর ৮টি উইংকে ১৫টি উইং এ উন্নীত করার লক্ষ্যে অর্গনোগ্রাম বাস্তবায়নের ব্যাপারে জোর পদক্ষেপ নিতে হবে। তাছাড়া বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে পরিসংখ্যান সেল গঠনের লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানগুলোতে পরিসংখ্যান বিষয়ক তাদের নিজেস্ব কোন কর্মকর্তা কর্মরত আছে কি না তা জানার লক্ষ্যে তাদের নিকট থেকে তথ্য সংগ্রহের আহবান জানান। অতঃপর বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশল (NSDS) বাস্তবায়নকল্পে বিশ্ব ব্যাংক প্রতিনিধি কর্তৃক বৈদেশিক পরামর্শক সহায়তা সংক্রান্ত জনসম্প্রাহের খসড়া তালিকা সংশোধিত আকারে বাস্তবায়ন করতে হবে;

২। বিবিএস এর ৮টি উইং এর পরিবর্তে ১৫টি উইংবাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;

৩। DHS সার্ভের দায়িত্ব প্রদান সম্পর্কে সংশ্লিষ্ট দাতা সংস্থা ও প্রতিষ্ঠানের সাথে আলোচনা করতে হবে; এবং

৪। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে পরিসংখ্যান কর্মকর্তা/সহকারী পরিসংখ্যান কর্মকর্তা আছে কি না এবং তাদের কাজের তথ্য সংগ্রহ করতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

০২-০৩-২০১৬খ্রিঃ  
(মোঃ সফিকুল ইসলাম)  
অতিরিক্ত সচিব